CONNECTED FUTURES

# পরিবার ও শিক্ষার্থীর সচরাচর জিজ্ঞাসিত প্রশ্ন আপডেট হয়েছে ৬.৯.২০



# সময়সূচি

**ডিভাইসগুলি কখন উপলভ্য হবে?**
ডিভাইসগুলি এখন তৈরি করা হচ্ছে এবং জুন মাসে সেগুলি ডেট্রয়েটে পৌঁছে যাবে। উপলভ্য হওয়ার পর ডিভাইসগুলি জুন, জুলাই এবং আগস্ট মাসে বিতরণ করা হবে।

**কখন এবং কোথায় আমার ডিভাইসটি সংগ্রহ করতে হবে তা আমি কিভাবে জানবো?**

- আপনার সন্তানের DPSCD ইমেইল অ্যাকাউন্টে উপযুক্ততার কথা জানিয়ে একটি ইমেইল পাঠানো হবে
- আপনি অংশগ্রহণ করাতে ইচ্ছুক এমন প্রত্যেক সন্তানের জন্য জরিপে অংশ নিন
- আপনি জরিপটি সম্পন্ন করার পর পর আপনার ডিভাইস সংগ্রহ করা সংক্রান্ত বিশদ তথ্য পেয়ে যাবেন

DETROIT PUBLIC SCHOOLS COMMUNITY DISTRICT

CONNECTED FUTURES

# যোগ্যতা

**ডিভাইস, ৬ মাসের ডেটা এবং সহায়তা পরিষেবা পাওয়ার জন্য কে যোগ্য বিবেচিত হবে?**
স্প্রিং মেম্বারশিপ কাউন্টের সময় (ফেব্রুয়ারি ২০২০) ডিস্ট্রিক্টে তালিকাভুক্ত DPSCD কিন্ডারগার্টেন গ্রেড ১২-এর যে কোনো শিক্ষার্থী একটি ডিভাইস, ছয় মাসের জন্য LTE ডাটা এবং প্রযুক্তিগত সহায়তা পাওয়ার যোগ্য। যোগ্য শিক্ষার্থীদের সরাসরি ডিস্ট্রিক্টের শিক্ষার্থীদের তথ্যভান্ডার থেকে বেছে নেয়া হবে। যদি পরবর্তী শরতের মধ্যে সবগুলো ডিভাইস এই শিক্ষার্থীরা দাবি না করে, তাহলে ডিস্ট্রিক্ট অপেক্ষমান নতুন শিক্ষার্থীদের মধ্যে ডিভাইসগুলি বিতরণ করবে।

**যোগ্য পরিবার প্রতি একটি ডিভাইস নাকি যোগ্য শিক্ষার্থী প্রতি একটি ডিভাইস প্রদান করা হবে?**
প্রত্যেক যোগ্য শিক্ষার্থীর জন্য একটি ডিভাইস উপলভ্য থাকবে।

**আমার শিক্ষার্থী কোন ডিভাইস পাবে কিনা সে সম্পর্কে আমি কিভাবে খোঁজ নেব?**
যোগ্য বিবেচিত হওয়া প্রত্যেক শিক্ষার্থীর বাবা-মা অথবা আইনি অভিভাবককে তাদের সন্তানের DPSCD ইমেইলে তাদের আগ্রহের বিষয়টি নিশ্চিত করা, তাদের যোগাযোগের তথ্য প্রদান করা, এবং ডিভাইসটি সম্পর্কে একটি চুক্তিতে আবদ্ধ হওয়ার জন্য একটি জরিপের লিঙ্ক প্রেরণ করা হবে। জরিপটি সম্পন্ন হওয়ার পর, বাবা-মা অথবা আইনি অভিভাবক একটি নিশ্চিতকরণ বার্তা পাবেন এবং এই গ্রীষ্মে বিতরণ সংক্রান্ত পরবর্তী পদক্ষেপসমূহ সম্পর্কে জানতে পারবেন। যেসব পরিবার জরিপটি সম্পন্ন করবেন না তারা সুযোগটি সম্পর্কে অবগত রয়েছেন মর্মে নিশ্চিত করতে তাদের সঙ্গে স্কুলের কর্মীরা নিজ উদ্যোগে যোগাযোগ করবেন।

**স্কুলের কোনো কর্মী অথবা কোনো কাস্টমার কেয়ার প্রতিনিধি কি আমার সন্তান যোগ্য বিবেচিত হয়েছে কিনা আমাকে জানাতে পারবেন?**
অংশগ্রহণের জরিপ বিতরণ হয়ে যাওয়ার পর, এই কর্মীরা আপনাকে আপনার সন্তান যোগ্য বিবেচিত হয়েছে কিনা জানাতে পারবেন, কিন্তু তার আগে নয়। আপনি যদি তথ্য পাওয়া নিশ্চিত করতে চান, তাহলে আপনার সঙ্গে যোগাযোগের ফোন নম্বর এবং ইমেইল ঠিকানা (যদি থাকে) আপডেট রয়েছে কি না, এবং নিয়মিত সেগুলো চেক করছেন কি না তা নিশ্চিত করুন।

DETROIT PUBLIC SCHOOLS COMMUNITY DISTRICT

CONNECTED FUTURES

# ডিভাইস

**ডিভাইসের মালিক কে হবেন?**
ডিভাইসটি শিক্ষার্থী ও তার পরিবারের সম্পত্তি হবে। এটি ডিস্ট্রিক্ট কর্তৃক পরিচালিত বা মধ্যস্থতাকৃত সম্পত্তি হবে না, অর্থাৎ পরিবারটি এই ডিভাইসটির রক্ষণাবেক্ষণের জন্য দায়িত্বশীল হবে, এবং হারিয়ে গেলে অথবা চুরি হয়ে গেলে ডিস্ট্রিক্ট ডিভাইসটি প্রতিস্থাপন করবে না। এর আরেকটি অর্থ এই যে এটি ফেরত দিতে হবে না।

**এটি কোন্ ধরনের ডিভাইস?**
আমরা iView নামক একটি উইন্ডোজ-১০ ভিত্তিক ট্যাবলেট বিতরণ করছি। ১০.১ ইঞ্চির টাচস্ক্রিনযুক্ত ট্যাবলেটগুলির বিযুক্ত করা যায় এমন কিবোর্ড, ৪ জিবি র‍্যাম, ৬৪ জিবি স্টোরেজ এবং LTE সক্ষমতা রয়েছে।

**এই ডিভাইসটি পুরোনো হয়ে গেলে, অথবা আর কাজ না করলে কী ঘটবে?**
পরিবারগুলোকে তাদের চাহিদার ভিত্তিতে কম দামে অথবা বিনা খরচে সংস্কার করা ডিভাইস সংগ্রহ করার সুযোগ করে দিতে ডিস্ট্রিক্ট ডেট্রয়েট সিটি এবং হিউম্যান I-T নামক একটি অলাভজনক প্রতিষ্ঠানের সঙ্গে অংশীদার হয়েছে। এই প্রকল্পের প্রতি ডিস্ট্রিক্টের প্রতিশ্রুতিবদ্ধতার একটি অংশ হলো ব্যবহার না করা ডিভাইসগুলি দান করে দেওয়া যাতে সেগুলো সংস্কার করে ভবিষ্যতে পরিবারগুলোকে দেয়া যায়। প্রথমবার এই ডিভাইসগুলি বিতরণ করে ফেলার পর আরেকবার নতুনভাবে ডিভাইস উৎপাদন করা হবে না।

DETROIT PUBLIC SCHOOLS COMMUNITY DISTRICT

CONNECTED FUTURES

# সহায়তা

**আমাকে বা আমার সন্তানকে আমাদের নতুন ডিভাইস ব্যবহার করতে কে সহায়তা করবে?**
পরিবারগুলোর তাদের নতুন ডিভাইসের জন্য প্রযুক্তিগত সহায়তা প্রাপ্তি নিশ্চিত করতে ডিস্ট্রিক্ট হিউম্যান আইটি নামক একটি অলাভজনক প্রতিষ্ঠানের সঙ্গে অংশীদার হিসেবে কাজ করছে। শিক্ষার্থীরা ও তাদের পরিবারগুলো তাদের ডিভাইসের প্রয়োজনীয় সকল কারিগরি সহায়তা, তাদের ইন্টারনেট সংযোগ এবং এমনকি মাইক্রোসফট অফিস টুলস সংক্রান্ত সহায়তার জন্য হিউম্যান আইটির সঙ্গে যোগাযোগ করতে পারবে। ফোন, ইমেইল এবং টেক্সটের মাধ্যমে সহায়তা উপলভ্য থাকবে।

**আমার কারিগরি সমস্যাটি ডিস্ট্রিক্টের অনলাইন লার্নিং টুলস সম্পর্কিত। আমি কিভাবে সহায়তা পেতে পারি?**
আমাদের অংশীদার হিউম্যান আইটি হলো সাহায্য পাওয়ার জন্য পরিবারগুলোর প্রথম ঠিকানা, কারণ তাদের অধিকাংশ সাধারণ সমস্যা সমাধান জানা থাকবে। যদি তারা সাহায্য করতে না পারেন, তাহলে তারা দ্রুত আপনাকে সাহায্যের জন্য সঠিক টিমের সঙ্গে সংযুক্ত করিয়ে দেবেন।

**ডিভাইস এবং/অথবা ইন্টারনেট সংযোগ সংক্রান্ত সমস্যা নিয়ে কথা বলার জন্য আমি হিউম্যান আইটির সাথে কিভাবে যোগাযোগ করব?**

- সংযোগ:
  "**INTERNET4CF**" লিখে মেসেজ পাঠান 562-372-6925 নম্বরে
  অনলাইন ফরম: human-i-t.org/internet4cf
- প্রযুক্তিগত/ডিভাইস সংক্রান্ত সহায়তা:
  "**HELP4CF"** লিখে মেসেজ পাঠান 562-372-6925 নম্বরে
  অনলাইন ফরম: help4cf.org

DETROIT PUBLIC SCHOOLS COMMUNITY DISTRICT

CONNECTED FUTURES

# ইন্টারনেট সংযোগ

**ছয় মাসের ফ্রি ডেটা ফুরিয়ে গেলে কী ঘটবে?**
আপনার ডিভাইসটি পাওয়ার পর পর, আমাদের অংশীদার হিউম্যান আইটি আপনাকে আপনার ও আপনার পরিবারের জন্য কমকাস্ট ইন্টারনেট এসেনশিয়ালস প্রোগ্রামের মতো কম খরচের ইন্টারনেট অপশন খুঁজে পেতে সাহায্য করবে। হিউম্যান আইটির টিম আপনাকে প্রতি পদক্ষেপে সাহায্য করবে যাতে আপনি প্রথম ছয় মাস শেষ হওয়ার পরও টেকসি ইন্টারনেট সংযোগ ব্যবহার করতে পারেন।

**LTE তে কি ডেটা ক্যাপ বা সীমা থাকবে?**
আমরা এমন এক অংশীদার শনাক্ত করতে কঠোর পরিশ্রম করেছি যারা আনলিমিটেড LTE পরিষেবা প্রদান করবে, এবং আমরা আপনার সঙ্গে শেয়ার করতে পেরে আনন্দিত যে প্রথম ছয় মাসের LTE অ্যাক্সেসের ক্ষেত্রে ডেটা ক্যাপ অনেক বেশি হবে।

**আমি যদি প্রথম ছয় মাস পরও কোন ডেটা প্ল্যান রাখতে চাই, তাহলে আমি কি তা পারব?**
ডিভাইসের মালিক হিসেবে, পরিবারগুলো তাদের নিজস্ব বিবেচনায় ও খরচে সংগতিপূর্ণ LTE নেটওয়ার্কে তাদের নিজস্ব ডেটা প্ল্যান বেছে নিতে পারবেন, অথবা বিদ্যমান কোন ডেটা প্ল্যানে ডিভাইসটি যুক্ত করতে পারবেন।

**আমার পরিবার গৃহহীনতার মুখোমুখি, অথবা আমি ফস্টার কেয়ারে থাকা একজন শিক্ষার্থী। তারযুক্ত ইন্টারনেট সংযোগ অথবা পেইড ডেটা প্ল্যান আমার জন্য উপযুক্ত হবে না। আমার হাতে কি কোন বিকল্প আছে?**
ডিস্ট্রিক্ট এর শিক্ষার্থীদের মধ্যে পনের শতাংশের জন্য LTE ডেটা প্ল্যানের মেয়াদ বর্ধিত করার পরিকল্পনা নিয়েছে যাতে বাসস্থানের অনিরাপত্তার মুখোমুখী শিক্ষার্থীরা অথবা ফস্টার কেয়ারে থাকা শিক্ষার্থীরাও ইন্টারনেটের সঙ্গে সঙ্গে অনলাইন লার্নিং টুলস অ্যাক্সেস করতে পারে।

DETROIT PUBLIC SCHOOLS COMMUNITY DISTRICT

CONNECTED FUTURES

# ব্যবহার

**ডিভাইস এবং ইন্টারনেট সংযোগ কীসের জন্য ব্যবহার করা যাবে?**
আমরা সকল অংশগ্রহনকারীকে ডিভাইসগুলো অনলাইন লার্নিং এবং শিক্ষার্থী সহায়তার জন্য ব্যবহার করতে বলছি, কিন্তু আমরা এটিও স্পষ্ট করে দিচ্ছি যে, পারিবারিক মালিকানাধীন ডিভাইস হিসেবে আমরা আশা করছি পুরো পরিবার ডিভাইসের অ্যাক্সেসের মাধ্যমে উপকৃত হবে। অনলাইন লার্নিং-এর জন্য যে সময়গুলোতে ব্যবহৃত হবে না, তখন পুরো পরিবারকে সহায়তা দিতে ডিভাইসটি টেলিমেডিসিন, সহায়ক অ্যাপ্লিকেশন ব্যবহার, চাকরি অনুসন্ধান ও প্রশিক্ষণ, এবং অন্যান্য গৃহস্থালী কাজে ব্যবহার করা যাবে।

# সংশ্লিষ্টতা

**আমি মনে করি এই প্রোগ্রামটি দুর্দান্ত। আমি কি এই প্রচেষ্টায় আমার আলতোভাবে ব্যবহৃত ডিভাইসটি দান করতে পারি?**
আমাদের শিক্ষার্থী ও স্কুলসমূহজুড়ে ধারাবাহিকতা নিশ্চিত করার জন্য, আমরা এই প্রচেষ্টার জন্য স্বতন্ত্র প্রযুক্তি অনুদান গ্রহণ করব না। আসন্ন মাসগুলোতে, যখন হিউম্যান আইটি ডেট্রয়েটে স্থানীয়ভাবে কার্যক্রম শুরু করবে, তখন তারা ব্যক্তিগতভাবে ডিভাইস দান করার বিষয়টি বিবেচনা করতে পারবে, এবং আমরা আপনাকে তা বিবেচনা করতে উৎসাহিত করব। তার আগে পর্যন্ত, আমাদের পরামর্শ হবে এই যে আপনি আপনার স্থানীয় কমিউনিটির সংস্থাসমূহ যেমন চার্চের গ্রুপগুলোকে আপনার দান থেকে উপকৃত হতে পারেন এমন মানুষদের চিহ্নিত করতে কাজ করতে পারেন।

**আমি এই প্রোগ্রামে আর্থিকভাবে অবদান রাখতে চাই। সেটা কি সম্ভব হবে?**
DPSCD এর শিক্ষার্থীরা ও তাদের পরিবারকে সহায়তা করতে আগ্রহের জন্য ধন্যবাদ। আপনার সাহায্য পৌঁছানোর উপায় সম্পর্কে জানতে অনুগ্রহ করে DPS ফাউন্ডেশনের সঙ্গে যোগাযোগ করুন http://www.dpsfdn.org/ ঠিকানায় ভিজিট করে অথবা communications@dpsfdn.org ঠিকানায় ইমেইল পাঠিয়ে।

DETROIT PUBLIC SCHOOLS COMMUNITY DISTRICT

CONNECTED FUTURES

# পরিবারের আগ্রহ সংক্রান্ত জরিপ

**অংশগ্রহণের জন্য আমার যে জরিপে অংশ নিতে হবে সেটি আমি কোথায় পেতে পারি?**
জুন মাসে আপনার সন্তানের DPSCD ইমেইল অ্যাকাউন্টে উপযুক্ততার কথা জানিয়ে একটি ইমেইল পাঠানো হবে।

- *কোডি হাই স্কুলের শিক্ষার্থীরা ৬/১ তারিখে তাদের লিঙ্কটি পেয়েছে*
- *অন্যান্য সমস্ত শিক্ষার্থী ৬/১৫ তারিখের আগে তাদের লিঙ্কগুলি পেয়ে যাবে*

**আমি কিভাবে আমার সন্তানের ইমেইল অ্যাকাউন্টটি অ্যাক্সেস করব?**
পরিবারগুলি ক্লেভার পোর্টালের মাধ্যমে তাদের সন্তানের ইমেইল অ্যাকাউন্ট অ্যাক্সেস করতে পারবে।

- কাস্টমার কেয়ারের কর্মীরা পরিবারগুলোকে Detroitk12.org এর এই নির্দেশিকা ব্যবহার করে ক্লেভার অ্যাক্সেস করতে সহায়তা করবেন।
- মাইক্রোসফট শর্টকাট সেকশনের (MS আউটলুক আইকন) DPSCD ইমেইল লিঙ্কটি ব্যবহার করুন।

**আমি কি জরিপটির অনূদিত সংস্করণ পেতে পারি?**
৬/১৫ তারিখের পূর্বে ডিস্ট্রিক্টব্যাপী সব বিতরণের ক্ষেত্রে জরিপের উপরের দিকের ডান কোণায় ডিস্ট্রিক্টের প্রধান ভাষাগুলোর প্রত্যেকটিতে জরিপটি অনুবাদ করার অপশন পাওয়া যাবে। কোডি পাইলটের জন্য এটি এখনও উপলভ্য নয়, তাই অনুগ্রহ করে পরিবারকে ফোনের মাধ্যমে ভাষান্তর পরিষেবা গ্রহণ করতে নির্দেশনা দিন।

DETROIT PUBLIC SCHOOLS COMMUNITY DISTRICT

CONNECTED FUTURES

# রেজিস্ট্রেশনের ইমেইল

**আমার সন্তানের ডিভাইস কিভাবে সংগ্রহ করতে হবে সেটা জানানোর ইমেইলটি আমি কিভাবে পাবো?**
আপনার সন্তানদের ডিভাইস সংগ্রহ করার নির্দেশনা পাওয়ার জন্য তাদের DPSCD ইমেইল অ্যাকাউন্টের প্রত্যেকটিতে জরিপে অংশ নিন। এই মেসেজটি আপনাকে সংগ্রহ করার একটি তারিখ ও সময় জানিয়ে দেবে। জরিপটি সম্পন্ন করার পর আপনি ডিভাইসটি সংগ্রহ করার সময় রেফারেন্স হিসেবে ব্যবহারের জন্য একটি রেজিস্ট্রেশন নম্বরও পেয়ে যাবেন। আমরা আপনাকে (বাবা-মা/আইনি অভিভাবক) এবং/অথবা আপনার সন্তানকে উপস্থিত হয়ে ডিভাইসটি সংগ্রহ করতে উৎসাহিত করছি। যদি আপনি আপনার সন্তানের পক্ষে ডিভাইসটি সংগ্রহ করতে সক্ষম না হন, তাহলে আপনার সন্তানটি ডিভাইসটি সংগ্রহ করতে পারবে, অথবা একজন বিশ্বস্ত প্রাপ্তবয়স্ক ব্যক্তি একটি রেজিস্ট্রেশন # ও আইডিসহ আপনার সন্তানের সাথে আসতে পারেন।

**আমি রেজিস্ট্রেশন ইমেইল পেয়েছি কিন্তু সংগ্রহ করার সময়টি আমার জন্য উপযুক্ত নয়। আমি কী করতে পারি?**
যদি আপনার সন্তান (এবং কম বয়সী শিক্ষার্থীদের সঙ্গে একজন বিশ্বস্ত প্রাপ্তবয়স্ক ব্যক্তি) সংগ্রহ করার সময়ে উপলভ্য থাকে, এবং আপনার সন্তানের সঙ্গে তার শিক্ষার্থী আইডি থাকে এবং/অথবা আপনার নামে একটি সাম্প্রতিক ইউটিলিটি বিল থাকে, তাহলে তারা আপনাকে ছাড়াই ডিভাইস সংগ্রহ করতে পারবে। শুধু নিশ্চিত করুন যে তারা তাদের আইডি/ইউটিলিটি বিল এবং তাদের রিজার্ভেশন ইমেইল সঙ্গে নিয়েছে কি না।

**আমার সন্তানের ডিভাইস সংগ্রহ করতে আমার সঙ্গে কী কী আনতে হবে?**
- অনুগ্রহ করে ডিভাইসটি সংগ্রহ করতে আসার সময় সংগ্রহ করার ইমেইল মেসেজের একটি কপি সঙ্গে আনুন (আপনার ফোনে অথবা মুদ্রিত কপি)। আপনার এটি দেখাতে হবে।
- আপনার যদি স্মার্ট ফোন থাকে তাহলে তা সঙ্গে নিয়ে এলে ডিভাইস সংগ্রহ প্রক্রিয়া দ্রুততর হবে।
- অনুগ্রহ করে আপনার ডিভাইসটি সংগ্রহ করার জন্য নির্ধারিত স্থানে স্টেট আইডি, শিক্ষার্থী আইডি, অথবা ইউটিলিটি বিল নিয়ে আসুন এবং আপনার পরিচয় নিশ্চিত করার উদ্দেশ্যে কর্মীদের কাছে সেটি প্রদর্শন করতে প্রস্তুত থাকুন।
- মাস্ক পরুন।

# বিতরণ

**আমি যখন আমার ডিভাইসটি সংগ্রহ করব তখন কি আমাকে মাস্ক পরতে হবে? আমি আমার গাড়িতে থাকলেও?**
হ্যাঁ। অনুগ্রহ করে জনসমক্ষে মাস্ক পরে থাকার গভর্নরের আদেশ মান্য করে আপনার স্বাস্থ্য ও নিরাপত্তা রক্ষায় আমাদের সাহায্য করুন। এমনকি যদি আপনি আপনার গাড়িতেও থাকেন, সেক্ষেত্রেও আমাদের কর্মী ও স্বেচ্ছাসেবকরা আপনাকে ডিভাইস সংগ্রহ করেত সহায়তা করতে আপনার গাড়ির দিকে যাবে, এবং আমরা সবাইকে নিরাপদ রাখতে চাই!

**আমি আমার ডিভাইসটি সংগ্রহ করার সঙ্গে সঙ্গেই কি সহায়তা পেতে সক্ষম হব?**
আমরা চাইছি আপনি "সংগ্রহ করুন এবং চলে যান", যাতে জনসমাগম এবং কোভিড-১৯ সংক্রান্ত সুরক্ষা ঝুঁকি সীমিত রাখা যায়, কিন্তু আপনি তাৎক্ষণিকভাবে সাহায্য নিতে পারবেন। আপনার ডিভাইসের সঙ্গে বক্সে একটি দ্রুত শুরু করার নির্দেশিকা দেয়া হবে যা আপনাকে ধাপে ধাপে সেটআপ করার পুরো প্রক্রিয়ার পাশাপাশি কোনো সমস্যা হলে সাহায্য চেয়ে টেক্সট পাঠানোর উপায়ও দেখিয়ে দেবে।

DETROIT PUBLIC SCHOOLS COMMUNITY DISTRICT

CONNECTED FUTURES